একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

# জেলা পরিষদ কার্যালয়

## কিশোরগঞ্জ।

**web site-zp.kishoreganj.gov.bd**

স্মারক নং : ৪৬.৪২.৪৮০০.০০১.৫০.০০৫.২৫-৪৫৩

তারিখ : ১৭ আষাঢ় ১৪৩২ / ০১ জুলাই ২০২৫

**সংশোধিত বিজ্ঞপ্তি**

বিষয় : জুলাই গণঅভ্যুত্থান স্মরণে আইডিয়া প্রতিযোগিতায় অংশগ্রহণ।

সূত্র : স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ৩০ জুন ২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০২৫-৬১০ নম্বর স্মারক।

২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের এক বছর পূর্তি উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ব্যাপক কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এর অংশ হিসেবে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগ দেশের সকল জেলা পর্যায়ে তরুণদের অংশগ্রহণে একটি অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ নিয়েছে। সেমতে জুলাইয়ের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে স্থানীয় বাস্তবতায় উপযোগী এবং বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী আইডিয়া আহ্বান করা যাচ্ছে, যার মূল প্রতিপাদ্য "আমার চোখে জুলাই বিপ্লব"। কিশোরগঞ্জ জেলা পরিষদ আগামী ১০ জুলাই ২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি জেলা পরিষদ কার্যালয়ে অথবা অনলাইনে (google form : https://forms.gle/eyk3HG1W9g8pUAAZ9) আইডিয়া প্রেরণের অনুরোধ জানাচ্ছে।

**আইডিয়া প্রতিযোগিতায় যারা অংশগ্রহণ করতে পারবেন :** (১) ১৫ থেকে ৩০ বছর বয়সী তরুণ-তরুণী; (২) মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী; (৩) যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ; (৪) শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে; (৫) নারী সদস্যের অগ্রাধিকার নিশ্চিত করতে হবে।

**আইডিয়া জমা দেওয়ার কাঠামো (মানদণ্ড) :** (১) ১-২ পৃষ্ঠার একটি ধারণাপত্র (বাংলা বা ইংরেজিতে) অবশ্যই উল্লেখ করতে হবে; (২) আইডিয়ার শিরোনাম; (৩) আইডিয়ার ভূমিকা; (৪) আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব; (৫) আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে; (৬) সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা; (৭) প্রস্তাবের স্বতন্ত্রতা (Uniqueness); (৮) কাঙ্খিত ফলাফল; (৯) গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা; (১০) দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা।

এই বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত বিধায় বিস্তারিত তথ্যাদি ও নিয়মাবলী অফিস চলাকালীন সময়ে জেলা পরিষদ কার্যালয় হতে জানা যাবে। উক্ত বিজ্ঞপ্তিটি জেলা পরিষদের ওয়েব সাইট www.zpkishoreganj.gov.bd এ দেখা যাবে।

১/৭/২৫

(মোছাঃ মোস্তারী কাদেরী)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, কিশোরগঞ্জ
ও
সদস্য সচিব
জেলা পর্যায়ে আইডিয়া বাস্তবায়ন কমিটি
কিশোরগঞ্জ
ই-মেইল : zpkishoreganj@lgd.gov.bd

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা।

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর-৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০৪.২০২৫-৬১০

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩২ / ৩০ জুন ২০২৫

**বিষয়: জুলাই গণঅভ্যুত্থান স্মরণে অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতার নির্দেশাবলি।**

২০২৪ সালের জুলাই-আগস্টে সংঘটিত ছাত্র-জনতার গণঅভ্যুত্থান বাংলাদেশের গণতান্ত্রিক ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অধ্যায়। গণঅভ্যুত্থানের এক বছর পূর্তি উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ব্যাপক কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। এর অংশ হিসেবে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাধীন স্থানীয় সরকার বিভাগ দেশের সকল জেলা পর্যায়ে তরুণদের অংশগ্রহণে একটি অংশগ্রহণমূলক আইডিয়া প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ নিয়েছে। এ প্রতিযোগিতার মাধ্যমে স্থানীয় বাস্তবতায় উপযোগী এবং বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী আইডিয়া আহ্বান করা হবে, যার মধ্য দিয়ে তরুণ প্রজন্ম সরাসরি গণঅভ্যুত্থান স্মরণে সম্পৃক্ত হতে পারবে। প্রতিটি জেলার নির্বাচিত আইডিয়া স্থানীয় পর্যায়ে জেলা পরিষদ দ্বারা বাস্তবায়নের মাধ্যমে এ ঐতিহাসিক ঘটনার তাৎপর্য নতুন প্রজন্মের কাছে তুলে ধরা হবে।

**লক্ষ্য:** জুলাইয়ের চেতনায় উদ্বুদ্ধ হয়ে বৈষম্যহীন নতুন বাংলাদেশ বিনির্মাণ।

**উদ্দেশ্য:**

- জুলাই গণঅভ্যুত্থানের চেতনায় জাতি গঠনে তরুণদের সরাসরি অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- স্ব স্ব জেলার উপযোগী উদ্ভাবনী এবং বাস্তবায়নযোগ্য আইডিয়া সংগ্রহ;
- জেলা পর্যায়ে গণঅভ্যুত্থানের এক বছর পূর্তি উপলক্ষে কর্মসূচি বাস্তবায়ন।

**প্রতিপাদ্য:** "আমার চোখে জুলাই বিপ্লব"

**আইডিয়া প্রতিযোগিতায় যারা অংশগ্রহণ করতে পারবেন:**

- ১৫ থেকে ৩০ বছর বয়সী তরুণ-তরুণী;
- মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী;
- যুব ক্লাব, ডিবেট, স্কাউট, রোভার ও সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ;
- শুধুমাত্র দলীয়ভাবে প্রতিযোগিতায় অংশ নেয়া যাবে;
- নারী সদস্যের অগ্রাধিকার নিশ্চিত করতে হবে;

**আইডিয়া জমা দেওয়ার কাঠামো (মানদণ্ড):**

- ১-২ পৃষ্ঠার একটি ধারণাপত্র (বাংলা বা ইংরেজিতে) অবশ্যই উল্লেখ করতে হবে;
- আইডিয়ার শিরোনাম;
- আইডিয়ার ভূমিকা;
- আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব;
- আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের সুনির্দিষ্ট ভূমিকা উল্লেখ করতে হবে;
- সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা;
- প্রস্তাবের স্বতন্ত্রতা (Uniqueness);
- কাঙ্ক্ষিত ফলাফল;
- গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা;
- দেশীয় সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা।

CamScanner

**জমা দেওয়ার পদ্ধতি:**

- প্রস্তাব আহবান ও প্রস্তাব দাখিল: ০১-১০ জুলাই ২০২৫;
- প্রস্তাব মূল্যায়ন: ১১ জুলাই ২০২৫;
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রকল্প: ১২ জুলাই ২০২৫;
- প্রস্তাব বাস্তবায়ন: ১৩-৩১ জুলাই ২০২৫;
- আইডিয়া প্রদর্শনী: ০৫ আগস্ট ২০২৫;

**জমাদানের স্থান:**

- নিজ নিজ জেলার জেলা পরিষদের কার্যালয় (অনলাইনে জমা প্রদান করা যাবে)।

**জেলা পর্যায়ে আইডিয়া বাস্তবায়ন কমিটি:**

| | | |
|---|---|---|
| ক) জেলা প্রশাসক | - | আহবায়ক |
| খ) উপ-পরিচালক, স্থানীয় সরকার | - | সদস্য |
| গ) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | - | সদস্য |
| ঘ) জেলা ক্রীড়া অফিসার | - | সদস্য |
| ঙ) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | - | সদস্য |
| চ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ০২ (দুই) জন সরকারি স্কুল/কলেজের প্রধান | - | সদস্য |
| ছ) জেলা শিক্ষা অফিসার | - | সদস্য |
| জ) ছাত্র প্রতিনিধি ০২ (দুই) জন (০১ জন পুরুষ ও ০১ জন মহিলা) | - | সদস্য |
| ঝ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | - | সদস্য-সচিব |

- **প্রয়োজনে কমিটির সদস্য কো-অপ্ট করতে পারবে।**

**জেলা পর্যায়ে আইডিয়া বাস্তবায়নের জন্য মূল্যায়ন কমিটি:**

| | | |
|---|---|---|
| ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | - | আহবায়ক |
| খ) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | - | সদস্য |
| গ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ০১ (এক) জন সরকারি স্কুল/কলেজের প্রধান | - | সদস্য |
| ঘ) জেলা শিক্ষা অফিসার | - | সদস্য |
| ঙ) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত কর্মকর্তা | - | সদস্য-সচিব |

- **প্রয়োজনে কমিটির সদস্য কো-অপ্ট করতে পারবে।**

**মূল্যায়নের মানদন্ড:**

| মানদন্ড | নম্বর |
|---|---|
| আইডিয়ার শিরোনাম | ৫ |
| আইডিয়ার ভূমিকা ও প্রাসঙ্গিকতা (Rationale) | ১০ |
| আইডিয়ার বিবরণ (স্থান উল্লেখসহ), উদ্দেশ্য ও প্রত্যাশিত প্রভাব | ১০ |
| আইডিয়া বাস্তবায়নে দলের সদস্যদের ভূমিকা উল্লেখ করতে হবে | ১০ |
| সৃজনশীলতা ও উদ্ভাবনের ক্ষমতা | ১০ |
| আইডিয়ার স্বতন্ত্রতা (Uniqueness) | ১০ |
| কাঙ্খিত ফলাফল | ১০ |
| গণঅভ্যুত্থানের সাথে সামঞ্জস্যতা | ১০ |
| নিজস্ব সংস্কৃতির সাথে সামঞ্জস্যতা | ১০ |
| বাস্তবায়নযোগ্যতা ও স্থায়িত্ব | ১৫ |
| মোট | ১০০ |

CamScanne

**সম্ভাব্য আইডিয়ার উদাহরণ:**

- দেয়ালচিত্র;
- পথনাটক বা মঞ্চনাটক;
- প্রদর্শনী/প্রামাণ্যচিত্র;
- জনসচেতনতামূলক কার্যক্রম/প্রাথমিক স্বাস্থ্য বা পুষ্টি বিষয়ক প্রচারণা/কার্যক্রম;
- উদ্যোক্তা মেলা, স্থানীয় শিল্প প্রদর্শনী;
- স্কিল কম্পিটিশন/ প্রতিভা অন্বেষণ;
- বর্জ্য-শূন্য অভিযান;
- গ্রীণ স্কুল (Green School), ক্লিন স্কুল (Clean School) কার্যক্রম;
- জুলাই গণঅভ্যুত্থান সম্পর্কিত অন্য যেকোনো ধারণা (আইডিয়া)।

**বাস্তবায়ন পদ্ধতি:**

- প্রতিটি জেলার জেলা পরিষদ নির্বাচিত আইডিয়া প্রেরণকারী ব্যক্তি বা দলের সাথে সমন্বয়ের মাধ্যমে আইডিয়াটি বাস্তবায়ন করবে। আইডিয়া বাস্তবায়নের সার্বিক দায়িত্ব জেলা পরিষদের ওপর ন্যস্ত থাকবে এবং জেলা পরিষদের আর্থিক বিধি-বিধান প্রতিপালনপূর্বক ব্যয় নির্বাহ করবেন।
- আইডিয়া বাস্তবায়নে আনুমানিক খরচ সর্বনিম্ন ০১(এক) লক্ষ হতে সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা (**বর্ণিত ব্যয় সীমার মধ্যে এক বা একাধিক আইডিয়া ক্লাস্টার আকারে বাস্তবায়ন করা যাবে**)।

**প্রচার ও প্রচারণা:**

- প্রস্তাব আহবানের বিজ্ঞপ্তি জেলা প্রশাসক/প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন;
- জেলা/স্থানীয় পর্যায়ে বিভিন্ন গণমাধ্যমে বিজ্ঞপ্তি প্রচার করতে হবে;
- সামাজিক যোগাযোগ মাধ্যমে বিজ্ঞপ্তি প্রচার করতে হবে;
- ওয়েবসাইটে প্রচার করতে হবে।

**প্রতিবেদন প্রেরণ:**

- প্রতিটি জেলা পরিষদ হতে বাস্তবায়িত আইডিয়ার সচিত্র প্রতিবেদন প্রেরণ করতে হবে (সফ্‌ট ও হার্ড কপি);

৩০.৬.২৫

সুরাইয়া আখতার জাহান
অতিরিক্ত সচিব
ফোন- ০২২২৩৩৮৮৭২৭
E-mail: adminwing@lgd.gov.bd

CS CamScanner